যুগান্তর

তারিখ 10 JUN 2010
পৃষ্ঠা ২ কলাম ৫

# দুর্নীতির কারণে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপনে ৮ কোটি টাকা গচ্চা

## —সংসদীয় কমিটি

সংসদ রিপোর্টার

বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির কারণে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন প্রকল্পে ৮ বছরে ৮ কোটি ১৪ লাখ টাকার বেশি গচ্চা দিয়েছে সরকার। বিএনপি ও আওয়ামী লীগ সরকারের ১৯৯১-১৯৯২ থেকে ১৯৯৮-১৯৯৯ অর্থবছরের মধ্যবর্তী সময়ে এসব দুর্নীতি ও অনিয়ম হয়েছে বলে সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি মনে করে।

এসব দুর্নীতি-অনিয়মের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ারও সুপারিশ করা হয়েছে। সেই সঙ্গে এ দুর্নীতি তদন্তের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবকে আহ্বায়ক করে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও ইউজিসির থেকে একজন প্রতিনিধিকে নিয়ে তিন সদস্যবিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে আগামী ১ মাসের মধ্যে রিপোর্ট উপস্থাপনের জন্য বলা হয়েছে। বুধবার জাতীয় সংসদ ভবনে সরকারি হিসাব সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ তথ্য জানানো হয়। কমিটির সভাপতি ড. মহীউদ্দীন খান আলমগীরের সভাপতিত্বে বৈঠকে অংশগ্রহণ করেন কমিটির সদস্য অধ্যাপক মোঃ আলী আশরাফ, জাতীয় সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ আবদুস শহীদ, খান টিপু সুলতান ও ফরিদা আখতার।

**পাঁচ পিএসটিএন কোম্পানির সমস্যা সমাধানে প্রতিবেদন তৈরির সুপারিশ**

বন্ধ হওয়া পাঁচটি পিএসটিএন কোম্পানির সমস্যা সমাধানের জন্য এসোসিয়েশন পিএসটিএন (পাবলিক সুইচ টেলিফোন নেটওয়ার্ক) অপারেটর্স অব বাংলাদেশকে (ইএপিওবি) একটি প্রতিবেদন তৈরি করে আগামী বৈঠকে উপস্থাপনের সুপারিশ করেছে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। বুধবার জাতীয় সংসদে অনুষ্ঠিত কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত নেয়া হয়। কমিটির সভাপতি হাসানুল হক ইনু বৈঠকে সভাপতিত্ব করেন। কমিটির সদস্য হুইপ আসম ফিরোজ, মোঃ আবদুল কুদ্দুস, সোলায়মান হক জোয়ার্দার ছেলুন, মোঃ নজরুল ইসলাম বাবু, খালিদ মাহমুদ চৌধুরী এবং মোয়াজ্জেম হোসেন রতন বৈঠকে অংশগ্রহণ করেন।